

# জকসু নির্বাচন ২২ ডিসেম্বর

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: বুধবার, ০৫ নভেম্বর ২০২৫



জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ ও হল শিক্ষার্থী সংসদ নির্বাচন-২০২৫ আগামী ২২ ডিসেম্বর (সোমবার) অনুষ্ঠিত হবে।

আজ বুধবার (৫ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক মোস্তফা হাসান সংবাদ সম্মেলনে একথা জানান।

নির্বাচন তফসিল অনুযায়ী, আচরণ বিধিমালা প্রকাশ ৫ নভেম্বর, নির্বাচনী তফসিল ঘোষণা ৫ নভেম্বর, খসড়া ভোটার তালিকা প্রকাশ ৬ নভেম্বর, ভোটার তালিকায় আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি ৯ নভেম্বর থেকে ১১ নভেম্বর, জকসু নির্বাচনে মনোনয়নপত্র বিতরণ ১৩, ১৬ ও ১৭ নভেম্বর (সকাল ৯ টা থেকে বিকাল ৩ টা), জকসু নির্বাচনে মনোনয়নপত্র দাখিল ১৭ ও ১৮ নভেম্বর (সকাল ৯ টা থেকে বিকাল ৩ টা), মনোনয়ন পত্র বাছাই ১৯ এবং ২০ নভেম্বর।

এছাড়া, জকসু নির্বাচনে প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ ২৩ নভেম্বর। প্রার্থীদের আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি ২৪ থেকে ২৬ নভেম্বর (সকাল ৯ টা থেকে বিকাল ৩ টা), চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ ০৩ ডিসেম্বর। মনোনয়নপত্র প্রত্যাহার ০৪,০৭ এবং ০৮ ডিসেম্বর। প্রত্যাহারকৃত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে ০৯ ডিসেম্বর।

জকসু নির্বাচনের ভোট গ্রহণের তারিখ ২২ ডিসেম্বর সোমবার সকাল ৯:০০ টা থেকে বিকাল ৩:০০ টা পর্যন্ত। এছাড়া ২২ ডিসেম্বর ভোট গ্রহণ শেষে গণনা করা হবে। ভোট গণনার ওপর ভিত্তি করে ২২ অথবা ২৩ ডিসেম্বর ফলাফল ঘোষণা করা হবে।